

## 💵 জানাত-জাহানাম

বিভাগ/অধ্যায়ঃ জান্নাতীদের আমল বা কর্ম রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

## জান্নাতীদের আমল বা কর্ম

জান্নাত আমলের জায়গা নয়, জান্নাত হল আমলের বিনিময় পাওয়ার জায়গা। তাই সেখানে কোন কর্মব্যস্ততা কিংবা কোন পালনীয় ইবাদতবন্দেগী থাকবে না। শ্বাসক্রিয়ার ন্যায় সদা তাসবীহ (সুবহানাল্লাহ) ও তাহমীদ (আলহামদুলিল্লাহ) তাদের মুখ থেকে স্বতঃস্ফূর্ত হবে। এতে তাদের কোন অসুবিধা হবে না। (বুখারী)। জান্নাতীদের একটি ব্যস্ততার কথা মহান আল্লাহ বলেছেন.

إِنَّ أَصْحَابَ الْجَنَّةِ الْيَوْمَ فِي شُغُلٍ فَاكِهُونَ

অর্থাৎ, এ দিন বেহেশতিগণ আনন্দে মগ্ন থাকবে। (ইয়াসীনঃ ৫৫) সুতরাং সে মত্ততা, ব্যস্ততা ও মগ্নতা হল স্ত্রী নিয়ে আনন্দ করাতে।

শতরূপা চিরকুমারী স্ত্রীদের সাথে মিলনের আনন্দে মগ্ন থাকবে চিরকাল। এটাকে যদি কর্ম' বলা যায়, তাহলে বেহেশতে সেটাই তাদের কর্ম।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12206

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন